

(অফেরংযোগ্য)। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

- ৯। আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে।
 - ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের রশ্মি ছবি।
 - গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
 - ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র
 - ঙ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে আবেদনকারীর নাম ঠিকানা সম্বলিত ১০x৪.৫ সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- ১০। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আবেদনপত্র যাচাই বাছাই, গ্রহণ/বাতিলের ক্ষেত্রে কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
- ১১। সরকার কর্তৃক সময় সময় জারিকৃত কোটা সম্পর্কিত নির্দেশনাবলী অনুসরণ করা হবে।
- ১২। কোন তথ্য গোপন করলে বা অসত্য/মিথ্যা তথ্য প্রদান করলে প্রার্থীর আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১৩। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান সমূহের কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ১৪। আবেদনপত্র সমূহ বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার সময়সূচী প্রার্থীদের ডাকযোগে যথাসময়ে জানানো হবে।
- ১৫। প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যাতায়াত বাবদ কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৬। কর্তৃপক্ষ যেকোন সময় সরকারি বিধিবিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে।
- ১৭। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল সনদের মূল কপি উপস্থাপন/ দাখিল করতে হবে।
- ১৮। সন্তোষজনক পুলিশ ডেরিফিকেশন রিপোর্ট ও সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যায়ন চাকুরীতে নিয়োগের অন্যতম শর্ত।
- ১৯। চাকুরীর শর্তাবলী, বেতন ভাতা/সুযোগ সুবিধার ক্ষেত্রে “জেলা পরিষদ আইন-২০০০” “স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকরি বিধিমালা ১৯৯০” এবং সরকারি কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনাবলী প্রযোজ্য হবে।
- ২০। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশত নিয়োগ প্রক্রিয়া যে কোন সময় আংশিক বা সম্পূর্ণ স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোহাম্মদ রেজাই রাফিন সরকার)

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, লক্ষ্মীপুর।

ফোন - ০২৩০৪৪৪১৭২০

e-Mail. ceozplakshqipur@gmail.com

তারিখ: ২২-০৬-২০২৩

স্মারক নং-৪৬.০০.৫১০০.০১.০১.২৮.২০১৫- ৩৩৭

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- ৫। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
- ৬। চেয়ারম্যান, জেলা পরিষদ, লক্ষ্মীপুর।
- ৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ(সকল)।
- ৯। সিভিল সার্জন, লক্ষ্মীপুর।
- ১০। উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার,(লক্ষ্মীপুর)
- ১২। সম্পাদক, দৈনিক কালের কণ্ঠ (বাংলা জাতীয়), The Financial Express (ইংরেজী জাতীয়), দৈনিক ডিশন (বাংলা স্থানীয়) বিজ্ঞপ্তিটি সীমিত পরিসরে ভিতরের পাতায় ০১(এক) দিনের জন্য তাঁর বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করে ০৫(পাঁচ) কপি জেলা পরিষদ, লক্ষ্মীপুর বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৩। অফিস নথি/নোটশ বোর্ড।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, লক্ষ্মীপুর।